ভোরের কাগজ

FEB. 03 2002

তারিখ ... পৃষ্ঠা 2 কলাম ৪ ...

ডিগ্রি পরীক্ষা

# প্রশ্নপত্র বিতরণ করেও ফেরত নেওয়া হলো গাফিলতিটা কার?

গাজীপুর প্রতিনিধি : গতকাল শনিবার অর্ধদিবস হরতাল থাকায় ডিগ্রি (পাস) পরীক্ষার পূর্বনির্ধারিত সময়সূচির বদলে সকালের পরীক্ষাটি বিকালে অনুষ্ঠিত হলেও জেলার কালিগঞ্জে ভুলক্রমে সকালেই একটি পরীক্ষা কেন্দ্রে প্রশ্নপত্র বিতরণ করে তা পরে ছাত্রছাত্রীদের কাছ থেকে ফেরত নেওয়া হয়।

● এরপর-পৃষ্ঠা ২ কলাম ২

## প্রশ্নপত্র বিতরণ করেও

● প্রথম পাতার পর

ফলে গতকাল ইসলামের ইতিহাস ও পদার্থ বিজ্ঞান পরীক্ষার প্রশ্নপত্রের প্রশ্নগুলো কালিগঞ্জ শ্রমিক কলেজের ছাত্রছাত্রীদের মাধ্যমে মোবাইল ও টেলিফোনযোগে সর্বত্র ছড়িয়ে দেওয়া হয়েছে বলে জেলা শহরে তোলপাড় সৃষ্টি হয়।

সকাল সাড়ে ১১ টার দিকে সাংবাদিকরা এ খবর পেয়ে সংশ্লিষ্ট বিভিন্ন জায়গায় খোঁজখবর নেন। প্রথমে গাজীপুরের অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)-এর অনুপস্থিতিতে তার গোপনীয় সহকারী জয়নুল আবেদীনকে এ ব্যাপারে প্রশ্ন করা হলে তিনি প্রশ্নপত্র ফাঁসের খবর অস্বীকার করেন।

দায়িত্বশীল সূত্র এ ব্যাপারে অভিযোগ করেছেন, জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পরীক্ষার সময়সূচি পরিবর্তনের চিঠি জেলায় পাঠালেও দায়িত্বে অবহেলার কারণে তা সঠিক সময়ে কালিগঞ্জে পৌঁছায়নি। ফলে গতকাল কালিগঞ্জে ভুলক্রমে সকালেই পরীক্ষা শুরু হওয়ার পর সময়সূচি পরিবর্তনের চিঠি পৌঁছলে তাড়াহুড়া করে প্রশ্ন ও উত্তরপত্র ফেরত নিয়ে পরীক্ষা বন্ধ করে দেওয়া হয়।

কালিগঞ্জ শ্রমিক কলেজের পরীক্ষা বিকালে পরিবর্তিত সময় অনুযায়ীই অনুষ্ঠিত হয়।